121745


# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax: 58616681, 58617908, 9615576**


নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-২১০/ ১২০১

তারিখ: ০২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: রিট পিটিশন নং ২৯৫/২০২০ এ প্রদত্ত মহামান্য হাইকোর্ট বিভাগের ১২.০১.২০২০খ্রিঃ তারিখে আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে**

সূত্র: ১) নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২১০/৩৫২৪/৩; তারিখ: ১০/০৬/২০২০
২) নং- বামাশিবো/প্রশা/গাইবান্ধা-২১০/১১৯৩/৫; তারিখ: ২৭/০৮/২০২০

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (বাংলা) জনাব মোঃ আব্দুল মতিন সরকার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৯৫/২০২০ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট তার ২২.১২.২০১৯খ্রিঃ তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করেন। নির্দেশ মোতাবেক দরখাস্ত/অভিযোগের বিষয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের লিখিত বক্তব্য সমর্থনীয় কাগজপত্রসহ ০৭ (সাত) দিনের মধ্যে বোর্ডে দাখিল করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদ্রাসা কর্তৃপক্ষ কোন ধরনের জবাব প্রদান করেননি।

পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়নের নিমিত্ত ১০/০৯/২০২০ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি জনাব দুলা মন্ডল, সুপার জনাব মোঃ আনোয়ার হোসেন এবং সহকারী শিক্ষক (বাংলা) জনাব মোঃ আব্দুল মতিন সরকার উপস্থিত হন এবং স্ব-স্ব দাবীর পক্ষে মৌখিক বক্তব্য উপস্থাপন করেন এবং সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করেন।

জনাব মোঃ আব্দুল মতিন সরকার এর মৌখিক ও লিখিত বক্তব্য এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, তিনি ০১.০১.২০০০ খ্রিঃ তারিখে দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক পদে নিয়োগ পান এবং ১৬.০১.২০০০ তারিখে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন। মাদ্রাসার সভাপতি ও সুপারের মৌখিক ও লিখিত বক্তব্য পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ আব্দুল মতিন সরকার এর "দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা" এ নিয়োগ প্রাপ্তির কোন তথ্য নেই তবে "দক্ষিণ মরুয়াদহ (ছাড়ের পাড়) আদর্শ উচ্চ বিদ্যালয়" এর সহকারী শিক্ষক হিসেবে কর্মরত আছেন মর্মে উল্লেখ করেন। উল্লেখ্য যে, সুপারের দাখিলকৃত কাগজপত্রে "মোঃ আব্দুল মতিন সরকার" এর স্থলে "মোঃ আব্দুল মতিন মিয়া ও মোঃ আঃ মতিন" নাম উল্লেখ রয়েছে।

অত্র বোর্ডে রক্ষিত পরিদর্শন শাখার রেকর্ডপত্র যাচাই করে পরিলক্ষিত হয় যে,

ক) সুপার কর্তৃক প্রেরিত দাখিল শ্রেণিতে পাঠদানের অনুমতি এবং একাডেমিক স্বীকৃতি সংক্রান্ত আবেদনের সাথে সংযুক্ত ১৯.১২.২০০১খ্রিঃ ও ১১.১২.২০০৪ খ্রিঃ তারিখের পরিদর্শন বিবৃতি ফরমের শিক্ষক-কর্মচারীগণের তালিকার ৬নং ক্রমিকে "জনাব মোঃ আব্দুল মতিন সরকার সহকারী শিক্ষক (বিএ)" উল্লেখ রয়েছে;

খ) ২০০২ সালে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মাদ্রাসা আকস্মিক পরিদর্শন করে নং-উনিঅ/সু-২০০২(১০৫৬); তারিখ: ১১.০৭.২০০২খ্রিঃ স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছিলেন। প্রতিবেদনের শিক্ষক-কর্মচারীগণের তালিকার ৬নং ক্রমিকে "জনাব মোঃ আব্দুল মতিন সরকার" এর নাম উল্লেখ রয়েছে; এবং

গ) একাডেমিক স্বীকৃতি নবায়ন সংক্রান্ত আবেদনের সাথে সংযুক্ত ২০.০৮.২০১৬ তারিখের পরিদর্শন বিবৃতি ফরমের শিক্ষক-কর্মচারীগণের তালিকার ৯নং ক্রমিকেও জনাব মোঃ আব্দুল মতিন নাম উল্লেখ রয়েছে, তবে সেখানে পদবী সহকারী শিক্ষক (শরীর চর্চা) লেখা আছে।

বর্ণিত অবস্থায় বোর্ডের রেকর্ডে নথিভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত কাগজপত্র অনুযায়ী জনাব মোঃ আব্দুল মতিন সরকার উক্ত মাদ্রাসার একজন সহকারী শিক্ষক মর্মে প্রতীয়মান হওয়ায় তার এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্বাভাবিকভাবে তাকে নিজ দায়িত্ব পালনের ব্যবস্থা গ্রহন করে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশ প্রদানসহ মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত আদেশ এতদ্বারা বাস্তবায়ন করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৭.০৯.২০২০

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

১৭.৯.২০২০

প্রাপক:

১. সুপার, দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, পো: খিদির, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
২. সভাপতি, পরিচালনা কমিটি, দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, পো: খিদির, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৩. জনাব মো: আব্দুল মতিন সরকার, সহকারী শিক্ষক, দক্ষিণ শ্রীপুর কুরুয়াবাদা ইসলামিয়া বালিকা দাখিল মাদ্রাসা, পো: খিদির, সুন্দরগঞ্জ, গাইবান্ধা

নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-২১০/ ১২০১

তারিখ: ০২ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
পি এ টু মহাপরিচালক (মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা ও পরিসংখ্যান ব্যুরো, ব্যানবেইজ, নীলক্ষেত, ঢাকা;
৩. জেলা প্রশাসক, গাইবান্ধা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ;
৫. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৭. জনাব মো: হুমায়ুন কবির, রুম নং-৫০৫ (Annex Ext) and ৩০২১ (Annex), সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা-১০০০ (জনাব আব্দুল মতিন সরকার এর বিজ্ঞ আইনজীবী);
৮. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১৭/৯/২০২০

**(মোঃ ওমর ফারুক)**
উপ-রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

১৭.৯.২০২০

C:\Users\Alauddin\Desktop\Gai-210.Docx